

**ছাত্রলীগের সম্মেলন
প্রধানমন্ত্রীর সঙ্গে
৮ নেতার সাক্ষাৎ**

■ সমকাল প্রতিবেদক
ছাত্রলীগের ২৮তম জাতীয় সম্মেলনের প্রস্তুতি চলছে। চলতি মাসের ২৮ ও ৩০ তারিখ ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখার সম্মেলন অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় সম্মেলন হবে ২৫ ও ২৬ জুলাই। আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাঁকজমকপূর্ণভাবে ছাত্রলীগের প্রতিটি সম্মেলন অনুষ্ঠানের জন্য সংগঠনের শীর্ষ নেতাদের নির্দেশ দিয়েছেন।

গতকাল সোমবার সন্ধ্যায় গণভবনে সংগঠনের শীর্ষস্থানীয় আট নেতা সাক্ষাতে গেলে এ নির্দেশ দেন শেখ হাসিনা। এ সময় কেন্দ্রীয় কমিটির সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ, সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক ওমর পরীফ, ঢাকা মহানগর উত্তরের সভাপতি এস এম রবিউল ইসলাম সোহেল, সাধারণ সম্পাদক আজিজুল হক রানা, মহানগর দক্ষিণের সভাপতি আনিসুর রহমান আনিস, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান রানা উপস্থিত ছিলেন।

সূত্র জানায়, ছাত্রলীগ নেতারা প্রধানমন্ত্রীকে সম্মেলনের বিষয়ে অবগত করতে গণভবনে যান বিকেল সোয়া ৫টায়। এরপর তারা সন্ধ্যা সাড়ে ৬টার দিকে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদক ছাত্রলীগের জাতীয় সম্মেলনের প্রস্তুতির বিষয়ে প্রধানমন্ত্রীকে অবগত করেন।